

কিভাবে করা হয় ফল পুনর্নিরীক্ষণ

অনলাইন ডেক্স



সংগ্রহীত ছবি

সম্প্রতি এসএসসি ও সমমান পরীক্ষার প্রকাশিত ফলাফলে গত

বছরের তুলনায় ফেল করা শিক্ষার্থীর সংখ্যা অনেক বেশি। এবার

এসএসসি পরীক্ষায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদরাসা ও

কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে ৬ লাখ ৬৬০ জন শিক্ষার্থী ফেল

করেছে। যার মধ্যে ৩ লাখ ২৪ হাজার ৭১৬ জন ছাত্র এবং ২ লাখ

৭৫ হাজার ৯৪৪ জন ছাত্রী রয়েছে।

তাই স্বাভাবিকভাবেই এ বছর ফল পুনর্নিরীক্ষণের আবেদনের

হারও বেড়েছে।

তবে ফল পুনর্নিরীক্ষণে কী করা হয়, সেই বিষয়টি অনেকের

অজানা।

ফল পুনর্নিরীক্ষণে যা করা হয় :

অনেকের ধারণা, ফল পুনর্নিরীক্ষণে পুনরায় কোনো পরীক্ষক খাতা
দেখেন এবং নম্বর দেন। এটি সঠিক নয়। পুনর্নিরীক্ষণে একজন
শিক্ষার্থীর খাতা আবার মূল্যায়ন করা হয় না।

চাকা বোর্ডের কর্মকর্তারা জানান, পুনর্নিরীক্ষণের আবেদন করা
শিক্ষার্থীর উত্তরপত্রের চারটি দিক দেখা হয়। সেগুলো হলো-
উত্তরপত্রের সব প্রশ্নের সঠিকভাবে নম্বর দেওয়া হয়েছে কি না,
প্রাপ্ত নম্বর গণনা ঠিক রয়েছে কি না, প্রাপ্ত নম্বর ওএমআর শিটে
ওঠানো হয়েছে কি না এবং প্রাপ্ত নম্বর অনুযায়ী ওএমআর শিটের
বৃত্ত ভরাট করা হয়েছে কি না। এ চার জায়গায় কোনো ভুল
থাকলে তা সংশোধন করে নতুন করে ফল প্রকাশ করা হয়।

উল্লেখ্য, গত ১০ জুলাই এসএসসি ও সমমান পরীক্ষার ফল
প্রকাশ করা হয়।

১১ জুলাই থেকে ফল পুনর্নিরীক্ষণের আবেদন শুরু হয়, যা চলে
১৭ জুলাই পর্যন্ত। আগামী ১০ আগস্টের মধ্যে এ ফল
পুনর্নিরীক্ষণের ফলাফল প্রকাশ করা হবে।

আবেদনকারীদের মধ্যে যাদের ফলাফল পরিবর্তন হবে, তাদের
এসএমএসের মাধ্যমে প্রাপ্ত ফল জানিয়ে দেওয়া হবে। এ ছাড়া
বোর্ডের ওয়েবসাইটে সংশোধিত ফল পাওয়া যাবে।

